

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নব-নির্বাচিত শিক্ষক সমিতিতে উপাচার্য ও ট্রেজারার-এর শুভেচ্ছা



৮ নভেম্বর, ২০২১- সোমবার সকাল ৯টা থেকে দুপুর ২.৩০টা পর্যন্ত ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ২০২২’ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ট্রেজারার নির্বাচন চলাকালীন সময় কেন্দ্র পরিদর্শন করেন।

নির্বাচিত প্রতিনিধিগণ উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে উপাচার্যের কনফারেন্স রুমে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এসময় উপাচার্য মহোদয় তাদেরকে মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শকে সমন্বিত রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক এবং গবেষণায় আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার জন্য সবাইকে একসাথে কাজ করার আহ্বান জানান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



হিসেবে গড়ে তোলার জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানান। এসময় নব-নির্বাচিত শিক্ষক সমিতির সভাপতি ও সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, সাধারণ সম্পাদক ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমানসহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।